মেহেরপুরে জাতীয় স্থানীয় সরকার দিবস পালিত

“তরুণদের দেশ গড়ার অঙ্গীকার, জনসভায় স্থানীয় সরকার” এই প্রতিপাদ্যকে সামনে রেখে মেহেরপুরে জাতীয় স্থানীয় সরকার দিবস ২০২৫ উদযাপন উপলক্ষে বর্ণাঢ্য র্যালি ও আলোচনা সভার আয়োজন করা হয়েছে।

জেলা প্রশাসকের আয়োজনে মঙ্গলবার (২৫ ফ্রেব্রুয়ারি) সকালে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে এই আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

এর আগে জেলা শিল্পকলা একাডেমী থেকে একটি বর্ণাঢ্য র্যালি বের করা হয়। র্যালিটি প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে জেলা প্রশাসন কার্যালয় প্রাঙ্গণে এসে শেষ হয়।

স্থায়ীয় সরকারের ভারপ্রাপ্ত উপ-পরিচালক মোঃ তরিকুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক সিফাত মেহনাজ।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পুলিশ সুপার মাকসুদা আকতার খানম, জেলা পরিষদের প্রধান নির্বাহী কর্মকর্তা মোঃ সামিউল হক ও অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) তাজওয়ার আকরাম সাকাপি ইবনে সাজ্জাদ।

এছাড়াও এসময় সদর উপজেলা নির্বাহী অফিসার খায়রুল ইসলাম, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর নির্বাহী প্রকৌশলী মোহাম্মদ মোসলেম উদ্দিন, জেলা প্রাথমিক অফিসার মোঃ রুহুল আমিন, সরকারি কমিশনার আবির হোসেন, সহকারী কমিশনার তানজিনা শারমিন দৃষ্টিসহ বিভিন্ন সরকারী ও বেসরকারী প্রতিষ্ঠানের কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

দামুড়হুদায় প্রাথমিক জাতীয় শিক্ষা পদক প্রতিযোগিতা

দামুড়হুদায় দুই দিনব্যাপী প্রাথমিক জাতীয় শিক্ষা পদক প্রতিযোগিতার জাঁকজমকপূর্ণ ভাবে উদ্বোধন করা হয়েছে।

রবিবার সকাল ১০ টার সময় “সুস্থ দেহ সুন্দর মন”স্লোগানকে সামনে রেখে খেলাধুলা শিশুর মনকে বিকশিত করে এবং মানসম্মত শিক্ষা নিশ্চিত করে এই ধারাবাহিকতায় উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসের আয়োজনে দামুড়হুদা স্টেডিয়াম মাঠে এই প্রতিযোগিতার শুভ উদ্বোধন করা হয়।

প্রধান অতিথি থেকে জাতীয় শিক্ষা পদক প্রতিযোগিতার শুভ উদ্বোধন করেন দামুড়হুদা উপজেলা নির্বাহী কর্মকর্তা মমতাজ মহল।

এসময় তিনি বলেন, কোমলমতি শিক্ষার্থীরা আমার সন্তানের মত, লেখা পড়ার পাশাপাশি এই প্রতিযোগিতা কোমলমতি শিক্ষার্থীদের মেধার বিকাশ ঘটাবে। প্রাথমিক পর্যায়ে আমাদের যেসব সন্তানরা লেখাপড়া করে, তাদেরকে আগামীর সুন্দর ভবিষ্যৎ প্রজন্ম হিসেবে গড়ে তোলার জন্য শিক্ষার্থীদের অভিভাবকদের পাশাপাশি আমরা যারা বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে তাদের দায়িত্ব নিয়ে শিক্ষা দিচ্ছি। আমাদেরকে তাদের নিজ সন্তানের মত মনে করে লেখাপড়ার পাশাপাশি মেধাবৃত্তিক প্রজন্ম গড়ে তুলতে হবে। আমরা এখন যারা বিভিন্ন পর্যায়ে নেতৃত্ব দিচ্ছি এই নেতৃত্বকে আরও বেগবান করার জন্য সঠিক গুণাবলীর মাধ্যমে আগামীর প্রজন্ম হিসাবে তাদেরকে গড়ে তুলতে হবে। তাহলে আমরা দেশের জন্য কিছু করে যেতে পারবো।

উপজেলার ১১৬ টি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের নিয়ে জাতীয় শিক্ষা পদক প্রযোগিতায় ৫৪ টি ইভেন্টে অ্যাথলেট, ক্রীড়া এবং সাংস্কৃতিক প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে।

উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা আবু হাসানের সভাপতিত্বে এ সময় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা বিএনপির সভাপতি মনিরুজ্জামান মনির, সাধারণ সম্পাদক রফিকুল হাসান তনু, উপজেলা জামায়াত ইসলামের সহকারি সেক্রেটারি আবেদ-উদ-দৌলা টিটন, দামুড়হুদা প্রেসক্লাবের সভাপতি শামসুজোহা পলাশ, সাধারণ সম্পাদক তানজির ফয়সাল, বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলন জেলা আহ্বায়ক

কমিটির যুগ্ম- সাধারণ সম্পাদক তানভীর অনিক প্রমুখ।

ঝিনাইদহে জাতীয় নাগরিক কমিটির মতবিনিময় সভা

ঝিনাইদহ জাতীয় নাগরিক কমিটির এক বিশেষ মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

রোববার (১৬ ফেব্রুয়ারি) সকালে জাতীয় নাগরিক কমিটি জেলা শাখার আয়োজনে শহরের নতুন হাটখোলা এলাকায় সংগঠনটির জেলা কার্যালয়ে এ সভার আয়োজন করা হয়।

এতে অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঝিনাইদহ জেলা নাগরিক কমিটির প্রধান সংগঠক নাসির আল সাদী। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের কেন্দ্রীয় নেতা তারিক রেজা। আরও উপস্থিত ছিলেন ঝিনাইদহ জেলা নাগরিক কমিটির নেতা তারেক বাবু, আরেফিন কায়সার, আলাউদ্দিন জোয়ারদার, শাম্মী পারভিন, হাবিবুর রহমান, মুজাহিদুল ইসলাম, বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের সদস্য সচিব সাইদুর রহমান ও সিনিয়র যুগ্ম আহ্বায়ক মনির হোসেন।

এছাড়াও কোটচাঁদপুর উপজেলার জাতীয় নাগরিক কমিটির মামুন, মোকলেসুর, হাবিবুর, মহেশপুর উপজেলার আবুল কালাম আজাদ, হরিণাকুণ্ডু উপজেলার আলমগীরসহ বিভিন্ন উপজেলার নেতৃবৃন্দ সভায় অংশ নেন।

সভায় উপস্থিত নেতৃবৃন্দ নাগরিক অধিকার ও সামগ্রিক উন্নয়ন নিয়ে মতামত প্রদান করেন এবং জাতীয় নাগরিক কমিটির ভবিষ্যৎ পরিকল্পনা নিয়ে বিস্তারিত তুলে ধরেণ।

মুজিবনগরে জাতীয় প্রাথমিক শিক্ষা পদক প্রতিযোগিতা

“এসো দেশ বদলাই, পৃথিবী বদলাই” এই প্রতিপাদ্যকে সামনে রেখে তারুণ্যের উৎসব-২০২৫ উদযাপন উপলক্ষে মুজিবনগর উপজেলা পর্যায়ে জাতীয় প্রাথমিক শিক্ষা পদক প্রতিযোগিতা-২০২৫ (ক্রীড়া, সাংস্কৃতিক, বিষয়ভিত্তিক কুইজ ও কাবিং) অনুষ্ঠিত হয়েছে।

বৃহস্পতিবার (১৩ ফেব্রুয়ারি) সকালে উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসের আয়োজনে উপজেলা পরিষদ চত্বরে জাতীয় সংগীতের তালে তালে জাতীয় পতাকা ও ক্রীড়া পতাকা উত্তোলনের মধ্য দিয়ে প্রতিযোগিতার উদ্বোধন করা হয়।

উদ্বোধনী অনুষ্ঠানে উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা হাফিজুর রহমানের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা নির্বাহী অফিসার (ইউএনও) পলাশ মণ্ডল।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মুজিবনগর ইউআরসি ইন্সট্রাক্টর আকরাম হোসেন, সহকারী উপজেলা শিক্ষা অফিসার এহসানুল হাবিব, সরকারি উপজেলা শিক্ষা অফিসার শামসুজ্জোহা, মুজিবনগর প্রেসক্লাবের সাধারণ সম্পাদক হাসান মোস্তাফিজুর রহমান।

প্রতিযোগিতার ইউনিয়ন পর্যায়ের বাছাইপর্ব ৫-৯ ফেব্রুয়ারি পর্যন্ত অনুষ্ঠিত হয়, যেখানে প্রতিটি ইভেন্টে একজন করে ২৪ জন প্রতিযোগী উপজেলা পর্যায়ে অংশ নেয়। উপজেলার চারটি ইউনিয়নের সেরা ৯৬ জন প্রতিযোগী ২৪টি ইভেন্টে উপজেলা পর্যায়ের প্রতিযোগিতায় অংশগ্রহণ করে।

প্রতিযোগিতা শেষে বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন উপজেলা নির্বাহী অফিসার পলাশ মণ্ডল। উপজেলা পর্যায়ে বিজয়ী প্রতিযোগীরা জেলা পর্যায়ের শিক্ষা পদক প্রতিযোগিতায় অংশগ্রহণ করবেন। অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন উপজেলার ৩৮টি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক, শিক্ষক ও শিক্ষিকাবৃন্দ।

অনুষ্ঠানের সার্বিক সঞ্চালনায় ছিলেন কেদারগঞ্জ সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক শিরিনা খাতুন।

মেহেরপুরে “জাতীয় সাংবাদিক সংস্থার” প্রতিষ্ঠাবার্ষিকী

সাংবাদিকতা একটি চ্যালেঞ্জিং পেশা। এই পেশায় সফল হতে হলে চ্যালেঞ্জকে জয় করতে হবে। শুধু কি ঘটেছে তা পাঠককে জানানোতে শেষ নয়, ঘটনার অন্তরালে কী আছে তা বের করে আনাই সাংবাদিকের আসল কাজ।

গতকাল বুধবার বিকালে মেহেরপুর ছহিউদ্দীন ডিগ্রি কলেজ হলে জাতীয় সাংবাদিক সংস্থার ৪৪তম প্রতিষ্ঠা বার্ষিকীর আলোচনা সভায় এসব কথা বলেন বক্তারা। মেহেরপুর ছহিউদ্দীন ডিগ্রি কলেজের অধ্যক্ষ, প্রবীণ সাংবাদিক মহসিন আলী আঙ্গুরের সভাপতিত্বে অনুষ্ঠিত এই আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্য রাখেন, জাতীয় সাংবাদিক সংস্থার কেন্দ্রীয় কমিটির উপদেষ্টা মেহেরপুরের প্রবীণ সাংবাদিক আলমগীর গনি। আলোচনা সভায় প্রধান বক্তা ছিলেন, মেহেরপুর জেলা প্রেসক্লাবের সভাপতি ও যুগান্তরের মেহেরপুর জেলা প্রতিনিধি সিনিয়র সাংবাদিক তোজাম্মেল আযম।

মেহেরপুরের সিনিয়র কলেজ শিক্ষক শামীম জাহাঙ্গীর সেন্টুর সঞ্চালনায় অনুষ্ঠিত আলোচনা সভায় অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন, গাংনী উপজেলা প্রেসক্লাবের সভাপতি মেহেরপুর প্রতিদিনের বার্তা সম্পাদক ও বাংলানিউজের জেলা প্রতিনিধি জুলফিকার আলী কানন, বাসসের মেহেরপুর জেলা প্রতিনিধি দিলরুবা ইয়াসমিন, মুজিবনগর ডটকমের উপদেষ্টা আসফারুল হক সুমন, দৈনিক ভোরের কাগজের মেহেরপুর জেলা প্রতিনিধি মর্তূজা ফারুক রুপক, দৈনিক নয়াদিগন্তের গাংনী উপজেলা প্রতিনিধি রাশিদুল ইসলাম বোরহান, প্রবীন সাংবাদিক সাদ আহমেদ, জালাল উদ্দীন, তরুণ প্রজন্মের সাংবাদিক জয়নাল আবেদীন, হাফেজ মোহাম্মদ সাইফুল্লাহ, সজীব আহমেদ, আল ইমরান, খাইরুল বাশার তামিম রেজা, সোহাগ রানা, তুহিন আলীসহ বিভিন্ন প্রিন্ট, আনলাইন মিডিয়াতে কর্মরত সাংবাদিকবৃন্দ উপস্থিত ছিলেন।

প্রধান অতিথির বক্তব্যে আলমগীর গনি বলেন, মফস্বলের সাংবাদিকদের প্রাচীন এবং প্রানের সংগঠণ জাতীয় সাংবাদিক সংস্থা। বাংলাদেশের মফস্বলের সাংবাদিকদের প্রিয় সংগঠক ছিলেন মুহাম্মদ আলতাফ হোসেন।

মফস্বলের সাংবাদিকদের অধিকার আদায় ও স্বার্থ সংরক্ষণের জন্য জাতীয় সাংবাদিক সংস্থা প্রতিষ্ঠা করেছিলেন।

বহু ঘাত প্রতিঘাত পড়ি দিয়ে সাংবাদিক সংস্থাকে প্রতিষ্ঠা করে গেছেন। তিনি বলেন, দীর্ঘ ১৬ বছর বাংলাদেশের সংবাদপত্র ও সাংবাদিকদের বাক স্বাধীনতা হরণ করে রেখেছিল স্বৈরাচার সরকার। বাংলাদেশের তরুণ যুবক ছাত্র ও জনতার আন্দোলনে স্বৈরাচার ফ্যাসিস্ট সরকারের বিদায় হয়েছে। আর কোনো ফ্যাসিস্ট যাতে এইদেশে আর না আসতে পারে সেজন্য নবীন সাংবাদিকদের কাজ করতে হবে।

প্রধান বক্তা মেহেরপুরের প্রবীণ সাংবাদিক তুজাম্মেল আযম বলেন, হার্ট খুলে রেখে সাংবাদিকতায় নাম লেখাতে হবে। কারণ, সাংবাদিকদের সাদাকে সাদা আর কালোকে কালো বলার ক্ষমতা থাকতে হবে। সাংবাদিকতার সনাতনী আমলের প্রাসঙ্গীকতা তুলে ধরে তিনি বলেন, আমরা যখন সাংবাদিকতা শুরু করি সে সময় একজন মানুষ রিপোর্টার হিসেবে গড়ে উঠা সহজ ছিল না। একটি সুন্দর ও তথ্যভিত্তিক রিপোর্ট তৈরি করতে হলে রিপোর্টারকে অনেক খাটতে হতো।

সে সময়ের সাংবাদিকতা এবং সংগ্রামের বিভিন্ন চিত্র বক্তব্যে তুলে ধরেন তিনি। এসময় দেশে বিভিন্ন সময়ের প্রতিথযশা প্রয়াত সাংবাদিকদের মাগফেরাত কামনায় এক মিনিট নিরাবতা পালন করা হয়। পরে কেক কেটে জাতীয় সাংবাদিক সংস্থার ৪৪তম প্রতিষ্ঠা বার্ষিকী পালন করা হয়।

মেহেরপুরে জাতীয় গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্টের উদ্বোধন

মেহেরপুরে তারুণের উৎসব ২০২৫ উদযাপন উপলক্ষে জাতীয় গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট অনূর্ধ্ব ১৭ বালক বালিকা উদ্বোধন করা হয়েছে।

মঙ্গলবার (২১ জানুয়ারি) সকাল ১০ টার দিকে যুব ক্রীড়া মন্ত্রণালয়ের আয়োজনে জেলা স্টেডিয়াম এ ফুটবল টুর্নামেন্টের

উদ্বোধন করা হয়।

অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষাও আইসিটি) মোঃ রনি আলম নূরের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক সিফাত মেহনাজ।বি শেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পুলিশ সুপার পিপিএম মাকসুদা আকতার খানম।

জেলা ক্রীড়া অফিসার আরিফ আহমেদের সঞ্চালনায় এছাড়াও এসময় সদর উপজেলা নির্বাহী অফিসার খায়রুল ইসলাম, গাংনী উপজেলা নির্বাহী অফিসার প্রীতম সাহা, জেলা শিক্ষা অফিসার মোঃ হযরত আলী, গোপালনগর মাধ্যমিক বালিকা বিদ্যালয় প্রধান শিক্ষক জহিরুল ইসলাম, জেলা পরিবেশ অধিদপ্তর সহকারী পরিচালক মোঃ মোজাফফর খানসহ শিক্ষক-শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন।

ঝিনাইদহে জাতীয় সমাজসেবা দিবস উদযাপন

‘এসো দেশ বদলাই, পৃথিবী বদলাই’ এ শ্লোগানকে সামনে রেখে ঝিনাইদহে জাতীয় সমাজসেবা দিবস উদযাপন করা হয়েছে।

জেলা প্রশাসন ও জেলা সমাজসেবা কার্যালয়ের আয়োজনে বৃহস্পতিবার সকালে শহরের পুরাতন ডিসি কোর্ট চত্বরে বেলুন উড়িয়ে কর্মসূচীর উদ্বোধন করা হয়।

পরে সেখান থেকে ওয়াকাথন প্রতিযোগীতা শুরু হয়। প্রতিযোগীরা শহরের প্রধান প্রধান সড়ক ঘুরে ২ কিলোমিটার দুরে জেলা প্রশাসকের কার্যালয়ের সামনে গিয়ে মিলিত হয়। পরে সেখানে অনুষ্ঠিত হয় আলোচনা সভা।

জেলা সমাজসেবা কার্যালয়ের উপ-পরিচালক আব্দুল কাদের এর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক মোহাম্মদ আব্দুল আওয়াল।

সেসময় সদর উপজেলা নির্বাহী অফিসার রাজিয়া আক্তার চৌধুরী,

সমাজসেবা কার্যালয়ের সহকারী পরিচালক মমিনুর রহমান, সদর উপজেলা সমাজ সেবা অফিসার আব্দুল হাই সিদ্দিকী ও জেলা দোকান মালিক সমিতির সভাপতি আনোয়ারুল ইসলাম বাদশা সহ অন্যান্যরা বক্তব্য রাখেন।

আলোচনা শেষে ওয়াকাথন প্রতিযোগীতায় বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়। এছাড়াও সেসময় সরকারি, বেসরকারী কর্মকর্তাসহ প্রতিবন্ধীরা উপস্থিত ছিলেন।

মুজিবনগরে জাতীয় সমাজসেবা দিবস উদযাপন

“নেই পাশে কেউ যার, সমাজসেবা আছে তার” এই প্রতিপাদ্যে মুজিবনগরে বর্ণাঢ্য র্যালি ও ওয়াকাথনের মধ্য দিয়ে জাতীয় সমাজসেবা দিবস উদযাপিত হয়েছে।

বৃহস্পতিবার সকালে মুজিবনগর উপজেলা সমাজসেবা অফিসার মাহমুদুল হাসানের সভাপতিত্বে উপজেলা অডিটোরিয়ামে এক আলোচনা সভা এবং ওয়াকাথন অনুষ্ঠিত হয়।

আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার পলাশ মণ্ডল। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মুজিবনগর উপজেলা নির্বাহী প্রকৌশলী খালিদ হাসান এবং মুজিবনগর প্রেসক্লাবের সভাপতি ওমর ফারুক প্রিন্স।

মুজিবনগর উপজেলা একাডেমিক সুপারভাইজার হাসনাইন জাহিদের সঞ্চালনায় এসময় সাধারণ সম্পাদক হাসান মোস্তাফিজুর রহমান এবং অন্যান্য কর্মকর্তা ও সমাজসেবা অফিসের উপকারভোগীরাও অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

এর আগে উপজেলা নির্বাহী অফিসার পলাশ মণ্ডলের নেতৃত্বে উপজেলা পরিষদ প্রাঙ্গণ থেকে একটি বর্ণাঢ্য র্যালি বের হয়, যা পুরো এলাকায় উৎসবমুখর পরিবেশ সৃষ্টি করে।

দামুড়হুদায় জাতীয় সমাজসেবা দিবস পালিত

দামুড়হুদায় জাতীয় সমাজ সেবা দিবস উপলক্ষে র্যালী, মুক্ত আড্ডা ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ বৃহস্পতিবার (২ রা জানুয়ারি) সকাল ১০ টায় “নেই পাশে কেউ যার সমাজসেবা আছে তার ” এই প্রতিপাদ্যকে সামনে রেখে উপজেলা প্রশাসন, সমাজসেবা কার্যালয় ও সেচ্ছাসেবী প্রতিষ্ঠানের যৌথ আয়োজনে পরিষদ চত্বর থেকে প্রথমে র্যালী বের হয় পরবর্তীতে পরিষদের সভাকক্ষে ওয়াকাথন ও কল্যাণ রাষ্ট্র বিনির্মাণ বিষয়ক মুক্ত আড্ডা ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

উপজেলা সমাজসেবা কর্মকর্তা তোফাজ্জেল হকের সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন উপজেলা নির্বাহী কর্মকর্তা মমতাজ মহল।

এসময় তিনি বলেন সমাজসেবা বিষয় প্রতিটি মানুষের জীবনের সাথে জড়িত, বিশেষ করে সমাজের অসহায় দরিদ্র শ্রেনীর মানুষ গুলো সমাজসেবা কার্যালয় থেকে সুবিধা নিয়ে থাকে। সামাজিক নিরাপত্তা বেষ্টনীর আওতায় সমাজের বিধবা, প্রতিবন্ধী, বয়স্ক মানুষের, জটিল রোগ ব্যাধিতে আক্রান্ত ব্যাক্তিকে সহযোগিতাসহ প্রায় ৫৩ প্রকার ভ্রাতা সরকার দিচ্ছে। সমাজের পিছিয়ে পড়া জনগোষ্ঠীকে মূলস্রোতে আনার জন্য আমরা ভিক্ষুক মুক্ত করার চেষ্টা করেছি তাদের গবাদিপশু প্রদান, দোকান করে দেওয়া হয়েছে, ভ্যান কিনে দেওয়া হয়েছে, কিন্তু উপকার ভোগীরা এগুলো গ্রহণ করে পরবর্তীতে বিভিন্ন ভাবে বিক্রি করে দিয়ে আবার আগের অবস্থায় ফিরে আসে। উপকার ভোগীদের অবশ্যই মানসিকতার পরিবর্তন করতে হবে। যাতে আমরা সমাজ সেবা কার্যালয় থেকে সহযোগিতা নিয়ে নিজেদের উন্নয়ন করতে পারি সেই চিন্তা চেতনা তৈরি করতে হবে। মানুষ বিধবা নয় বিধবা সেজে যাচ্ছে, প্রতিবন্ধী নয় সেজে যাচ্ছে, রোগী নয় সেজে যাচ্ছে এগুলো করা যাবে না।

উপজেলা সমবায় কর্মকর্তা হারুন অর রশীদের সঞ্চালায় এসময় বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন উপজেলা কৃষি সম্প্রসারণ কর্মকর্তা আল

সাবাহ্, দামুড়হুদা প্রেসক্লাবের সভাপতি শামসুজোহা পলাশ, শিক্ষা কর্মকর্তা আবু হাসান, মৎস কর্মকর্তা ফারুক মহলদার, আনসার ভিডিপি কর্মকর্তা মোহাম্মদ সাজিদ, যুব উন্নয়ন কর্মকর্তা জাহাঙ্গীর আলম, পল্লী উন্নয়ন কর্মকর্তা গোলাম রসূল, মাওলানা কামরুজ্জামান, এনজিও কারিতাস প্রতিনিধি বাপ্পা মন্ডল, সেচ্ছাসেবী প্রতিষ্ঠানের প্রতিনিধি, সমাজসেবা কার্যালয়ের সুবিধা ভোগী ব্যাক্তিবর্গসহ উপজেলার বিভিন্ন দপ্তরের কর্মকর্তা কর্মচারীবৃন্দ।

মেহেরপুরে জাতীয় সমাজসেবা দিবস উদযাপন

জাতীয় সমাজসেবা দিবস উপলক্ষে মেহেরপুরে বর্ণাঢ্য র্যালি ও মুক্ত আলোচনার আয়োজন করা হয়েছে।

বৃহস্পতিবার (২ জানুয়ারি) সকাল ১০টায় মেহেরপুর কলেজ মোড় থেকে র্যালিটি শুরু হয়ে শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে জেলা প্রশাসকের কার্যালয়ে এসে শেষ হয়। এবারের দিবসটির প্রতিপাদ্য ছিল “নেই পাশে কেউ যার, সমাজসেবা আছে তার”।

র্যালি শেষে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে “কল্যাণ রাষ্ট্র গঠনে সমাজসেবার ভূমিকা ও নতুন প্রজন্মের প্রত্যাশা” শীর্ষক মুক্ত আলোচনা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানের আয়োজন করেন মেহেরপুর জেলা প্রশাসন ও সমাজসেবা কার্যালয়।

সভায় সভাপতিত্ব করেন মেহেরপুর জেলা সমাজসেবার উপপরিচালক আশাদুল ইসলাম। প্রধান অতিথি ছিলেন মেহেরপুর জেলা প্রশাসক সিফাত মেহনাজ। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পুলিশ সুপার মাকসুদা আক্তার খানম, সিভিল সার্জন ডা. মহী উদ্দিন আহম্মেদ, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) তরিকুল ইসলাম, মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার খাইরুল ইসলাম, মেহেরপুর সদর উপজেলা স্বাস্থ্য পরিবার ও পরিকল্পনা কর্মকর্তা ডা. আঞ্জুমান আরা।

এছাড়াও এসময় সমাজসেবা অফিসার কাজী মোহাম্মদ আবুল মনসুর,ইসলামিক

ফাউন্ডেশনের উপপরিচালক এ জে এম সিরাজুম মূনীর, জেলা তথ্য অফিসার আব্দুল আল মামুন, মেহেরপুর জেলা প্রতিবন্ধী অফিসার তুলসী কুমার পাল, বীর মুক্তিযোদ্ধা ক্যাপ্টেন (অবসরপ্রাপ্ত) আব্দুল মালেক, বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলন মেহেরপুর জেলার আহ্বায়ক ইমতিয়াজ আহমেদ, সদস্য সচিব মো. মুজাহিদুল ইসলাম উপস্থিত ছিলেন।